

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, বাজেট শাখা  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

স্মারক নং- ১০.০০.০০০০.১২৬.২০.২৪৯.২০.৫৮৫

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২  
২৬ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: (EFT) Electronic Fund Transfer এর মাধ্যমে বেতন-ভাতা ও অন্যান্য বিল পরিশোধের লক্ষ্যে বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এন্ড ইন্টারন্যাশনাল এফেয়ার্স (বিলিয়া) এর নামে পার্সোনাল লেজার অ্যাকাউন্ট (PL-A/C) সৃজন ও তা পরিচালনার জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে ক্ষমতা প্রদান।

সূত্র: বিলিয়া/আইন মন্ত্রণালয়/(PL-A/C)/হিসাব/০২/২০২৬/০১, তারিখঃ ০৫/০২/২০২৬ খ্রিঃ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এন্ড ইন্টারন্যাশনাল এফেয়ার্স (বিলিয়া)।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এন্ড ইন্টারন্যাশনাল এফেয়ার্স (বিলিয়া) এর অনুকূলে সরকারের সংযুক্ত তহবিলে বরাদ্দকৃত অনুদানের অর্থ উত্তোলনের জন্য প্রজাতন্ত্রের সরকারি হিসাব চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পেনশন ও ফাল্ড ম্যানেজমেন্ট-এর আওতায় একটি পার্সোনাল লেজার অ্যাকাউন্ট (PL-A/C) খোলা প্রয়োজন। এই অ্যাকাউন্টের শিরোনাম হবে বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এন্ড ইন্টারন্যাশনাল এফেয়ার্স (বিলিয়া) ও নম্বর হবে বাজেট বরাদ্দের কোড ১৩১০০৭৫০০-৩৬৩১১০১, ৩৬৩১১০২, ৩৬৩১১০৩। উক্ত পার্সোনাল লেজার অ্যাকাউন্ট (PL-A/C) পরিচালনার জন্য রাষ্ট্রদূত এম মারুফ জামান, পরিচালক, বিলিয়া (জাতীয় পরিচয়পত্র নং-৮২০৩৮৬০১২০)-কে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হয়েছে। উক্ত আয়ন-ব্যয়ন কর্মকর্তা বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এন্ড ইন্টারন্যাশনাল এফেয়ার্স (বিলিয়া)- এর পার্সোনাল লেজার অ্যাকাউন্টের ব্যালেন্সের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ট্রেজারি রুলসের এসআর ৭০ ও ৭১ অনুযায়ী সরাসরি বাংলাদেশ ব্যাংকে EFT (Electronic Fund Transfer) অর্ডার প্রেরণের মাধ্যমে অর্থ উত্তোলন/পরিশোধ করবেন।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এন্ড ইন্টারন্যাশনাল এফেয়ার্স (বিলিয়া) এর অনুকূলে প্রজাতন্ত্রের সরকারি হিসাবে একটি পার্সোনাল লেজার অ্যাকাউন্ট (PL-A/C) সৃজন এবং রাষ্ট্রদূত এম মারুফ জামান, পরিচালক-কে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে বাংলাদেশ ব্যাংক বরাবর EFT (Electronic Fund Transfer) ইস্যুর ক্ষমতা প্রদানের জন্য হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা বরাবর অনুরোধ করে পত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সংযুক্ত: ১২ (বারো) ফর্দ।

(সালমা আক্তার)  
উপসচিব (বাজেট-২)  
ফোন: ৯৫৪০০০৯ (অ)

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) :-

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. হিসাব মহানিয়ন্ত্রক (সিডিএ), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
৩. যুগ্মসচিব (বাজেট-৭), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, আন্তর্জাতিক বিষয়ে আইন প্রণয়ন প্রশিক্ষণ কেন্দ্র, বাড়ী নং-২২, সড়ক নং-৭, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫।
৫. উপসচিব, বাজেট অনুবিভাগ-১, বাজেট শাখা-৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব, বাজেট-২২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
26.02.26  
(সালমা আক্তার)  
উপসচিব (বাজেট-২)